# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১৮৪/ ১৩৯    তারিখ: ২৭ শ্রাবন ১৪৩৩
১১ আগষ্ট ২০২৬

**বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে**

১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৮৪/ ৮৫; তারিখ: ১৪/০৮/২০২৫ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৭.৪৯৯৪.০০০.০৬.০০১.২৫-৬১৯; তারিখ: ১৩/০৫/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন আর্দশ এতিমখানা দ্বি-মুখী আলিম মাদ্রাসার (ইআইআইএন- ১২২৬৭১) ভারপ্রাপ্ত অধ্যক্ষের বিরুদ্ধে অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন করা, ভুমি উন্নয়ন করের কাগজ জাল-জালিয়াতি করা, ভুয়া বা জাল কাগজ তৈরি করে মাদ্রাসার একাডেমিক স্বীকৃতি নিয়েছেন এবং খসড়া ও চুড়ান্ত ভোটার তালিকায় প্রতিষ্ঠাতা সদস্য ও আজীবন দাতা সদস্য বাদ দিয়ে নবগঠিত গভানিং বডি অনুমোদন করেছেন মর্মে জনাব মোহাম্মদ আব্দুল কাহার ও জনাব মোহাম্মদ আজিজুর রহমান নামে দুই ব্যক্তি পৃথক পৃথক দুটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম কে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারীর অভিযোগের সত্যতা প্রমানিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে অভিযোগ প্রমাণিত হওয়ায় গভানিং বডি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র জারির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১। সভাপতি
আর্দশ এতিমখানা দ্বি-মুখী আলিম মাদ্রাসা
ডাকঘর: বাগুয়া, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম

২। অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
আর্দশ এতিমখানা দ্বি-মুখী আলিম মাদ্রাসা
ডাকঘর: বাগুয়া, উপজেলা: উলিপুর, জেলা: কুড়িগ্রাম।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
১১/৮/26
প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোনঃ ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশাসন/ কুড়িগ্রাম-১৮৪/ ১৩৯/১    তারিখ: ২৭ শ্রাবন ১৪৩৩
১১ আগষ্ট ২০২৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

১১.৮.২৬
মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোনঃ ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd